সিনিয়র সিস্টেম এনালিস্ট
- সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার
- প্রোগ্রামার
- মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
- সঃমেঃ ই-১/ সঃমেঃই-২
- নথি

ডাইরি নং ৫৪৩

তারিখ ১৬/০৪/২০২৬ স্বাক্ষর

রেজিস্টার্ড এ/ডি সহযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.rthd.gov.bd

স্মারক নং-৩৫.০০.০০০০.০২৮.২৭.০২৬.২২- ৬৭

তারিখ: ০১ চৈত্র ১৪৩২ / ১৫ মার্চ ২০২৬

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ শফিকুল ইসলাম (পরিচিতি নং-৬০১৯৪১), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সরক্ষিত (যান্ত্রিক) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা; তিনি নির্বাহী প্রকৌশলী, ফেরি বিভাগ, বগুড়া হিসেবে কর্মকালে পদোন্নতি প্রাপ্ত হয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, কারখানা সার্কেল, বগুড়ার দায়িত্বভার গ্রহণ করেন। পরবর্তীতে জনাব মোঃ আযম শেখ (পরিচিতি নং ৬০২২৯২)-কে নির্বাহী প্রকৌশলী, ফেরি বিভাগ, বগুড়ার অতিরিক্ত দায়িত্ব প্রদান করা সত্ত্বেও জনাব মোঃ শফিকুল ইসলাম উক্ত আদেশ অমান্য করে প্রায় ৩(তিন) মাস নির্বাহী প্রকৌশলী, ফেরি বিভাগ, বগুড়ার দায়িত্ব পালন করেন এবং একই সাথে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, কারখানা সার্কেল, বগুড়ার দায়িত্ব পালন করেন;

২। যেহেতু, উক্ত প্রায় ৩(তিন) মাসে নির্বাহী প্রকৌশলী, ফেরি বিভাগ, বগুড়ার দায়িত্ব পালনকালে তিনি আর্থিক ক্ষমতার অপব্যবহার এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ অমান্য করেন;

৩। যেহেতু, আর্থিক ক্ষমতার অপব্যবহার এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ অমান্য করার কারণে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এবং ৩(ঘ) বিধি অনুযায়ী "দুর্নীতি" এর অভিযোগ এনে ০২/২০২৩ নং বিভাগীয় মামলা রুজু করা হয়। একইসাথে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারি করে তাকে কেন চাকরি হতে বরখাস্ত করা হবে না বা অন্য কোনো উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না এবং তিনি ব্যক্তিগত শুনানীর বা অন্য কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তা অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশনা প্রদান করা হয়;

৪। যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে তিনি জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন। তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা পাওয়া যায়;

৫। যেহেতু, জনাব মোঃ শফিকুল ইসলাম (পরিচিতি নং-৬০১৯৪১), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সরক্ষিত (যান্ত্রিক) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা এর উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এবং ৩(ঘ) বিধি অনুযায়ী "দুর্নীতি" এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ; এবং

৬। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, উভয় পক্ষের বক্তব্য, দাখিলকৃত কাগজপত্র, তথ্য-প্রমাণ এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় দেখা যায়, অভিযুক্ত কর্মকর্তা পদোন্নতি প্রাপ্ত পদে দায়িত্ব গ্রহণ করার পরও একইসাথে পূর্ববর্তী পদে দায়িত্ব পালন করেছেন এবং দায়িত্ব পালনকালে আর্থিক ক্ষমতার অপব্যবহার ও উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ অমান্য করেছেন। অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ)(ঘ) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি দন্ড পাওয়ার যোগ্য।

৭। সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ শফিকুল ইসলাম (পরিচিতি নং-৬০১৯৪১), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সরক্ষিত (যান্ত্রিক) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ)(ঘ) বিধি অনুযায়ী দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার বিধি ৪(২)(ক) মোতাবেক তাকে "তিরস্কার" সূচক লঘুদন্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(ড. মোহাম্মদ জিয়াউল হক)
সচিব।

স্মারক নং-৩৫.০০.০০০০.০২৮.২৭.০২৬.২২- ৬৭ তারিখ: ০১ চৈত্র ১৪৩২ / ১৫ মার্চ ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. সচিব দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা ঢাকা
০৬. অতিরিক্ত সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার তাঁর PDS-এ অন্তর্ভুক্ত করার অনুরোধসহ)
০৮. জনাব মোঃ শফিকুল ইসলাম (পরিচিতি নং-৬০১৯৪১), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সরক্ষিত (যান্ত্রিক) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৯. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
১০. উপসচিব (সওজ গেজেটেড সংস্থাপন) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি তাঁর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের অনুরোধসহ)
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১২. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা
১৫. অফিস কপি

CamScanner